সমকাল

তারিখ ২৪ SEP 2016
পৃষ্ঠা 4 কলাম 5

# এমসি কলেজের সেই ছাত্রাবাসে শিক্ষার্থী উঠছেন

■ সিলেট ব্যুরো

অবশেষে সিলেটের এমসি কলেজের সেই ছাত্রাবাসে শিক্ষার্থী উঠছেন। আগামী ১ অক্টোবর সেখানে ২৪৪ শিক্ষার্থীর ওঠার কথা। শিবির খেদানোর নামে চার বছর আগে ঐতিহ্যবাহী এমসি কলেজ ছাত্রাবাসে পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয় ছাত্রলীগ নামধারী সন্ত্রাসীরা। শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রীর প্রচেষ্টায় ২০১৪ সালে ছাত্রাবাসের কাজ উদ্বোধনের ২৩ মাস পর সেখানে শিক্ষার্থী ওঠানো হচ্ছে। মেধা তালিকা অনুযায়ী শিক্ষার্থীদের সিট দেওয়া হচ্ছে বলে জানিয়েছেন কলেজের অধ্যক্ষ।

অধ্যক্ষ নিতাই চন্দ্র চন্দ বলেন, কোনো ধরনের তদবির, প্রভাবে ছাত্রাবাসে কারও জায়গা হয়নি। মেধার ভিত্তিতে আসন বরাদ্দ দেওয়া হয়েছে। আগামী ১ অক্টোবর থেকে শিক্ষার্থীরা ছাত্রাবাসে ওঠবে বলে জানান অধ্যক্ষ।

২০১২ সালের ৮ জুলাই শিবিরের সঙ্গে সংঘর্ষের জেরে পেট্রোল ঢেলে শতবর্ষী এমসি কলেজ ছাত্রাবাসে আগুন ধরিয়ে দেয় সন্ত্রাসীরা। এতে ছাত্রাবাসের তিনটি ব্লকের ৪২টি কক্ষ পুড়ে যায়। ক্ষতিগ্রস্ত হয় আরও ৭০টি কক্ষ। এ ঘটনায় মামলা ও তদন্ত কমিটি গঠন হলেও কাউকে গ্রেফতার করা হয়নি। ঘটনার পর পুড়ে যাওয়া ছাত্রাবাসের স্থলে পুরনো আদলেই (ব্রিটিশ সেমিপাকা আসাম কাঠামো) নতুন করে ছাত্রাবাসের নির্মাণকাজ শুরু হয়।

২০১২ সালের ৫ ডিসেম্বর ছাত্রাবাস সংস্কার ও পুনর্নির্মাণ কাজের উদ্বোধন করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত ও শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এতে ব্যয় হয় প্রায় চার কোটি ৫৮ লাখ টাকা। ছাত্রাবাস সংস্কার হলেও জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষের কাছে নয় লাখ টাকা বকেয়া থাকায় শিক্ষার্থী ওঠানো কার্যক্রম বিলম্বিত হয়। সম্প্রতি শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বকেয়া বিল পরিশোধ করায় ছাত্রাবাস খুলে দেওয়ার পথ সুগম হয়।

সম্প্রতি কলেজ কর্তৃপক্ষ ছাত্রবাসে সিট বরাদ্দের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে। পরে আবেদনকারী শিক্ষার্থীদের মধ্যে মেধা তালিকা অনুসারে ২৪৪ জনকে সিট বরাদ্দ দেওয়া হয়। গত ১৯ সেপ্টেম্বর এ তালিকা প্রকাশ করা হয়। তাদের ২৬ সেপ্টেম্বরের মধ্যে নির্দিষ্ট ফি পরিশোধ করতে বলা হয়েছে।